

জমি সংক্রান্ত আইনী অভিজ্ঞতার জটিলতাগুলো জানতে চাই

বাংলাদেশে জমি ও জীবন সমার্থক। এদেশের উন্নয়নে ভূমির গুরুত্ব অপরিসীমা। অথচ ভূমি সংক্রান্ত সমস্যার মাত্রা আশঙ্কাজনক। এ সমস্যার পেছনে অন্যতম প্রধান কারণগুলো হচ্ছে- আইনী জটিলতা, আইনের ফাঁকফোকড়, আইন সাধারণ মানুষ- দরিদ্র মানুষ- প্রান্তিক মানুষ- নারী বান্ধব নয়, সেকেলে আইন, এক আইনের সাথে অন্য আইনের বিরোধ, আইন প্রয়োগের ক্ষেত্রে সমস্যা ইত্যাদি। আইন এবং তার প্রয়োগের ক্ষেত্রে সমস্যাগুলো কোথায় কোথায়, কী-ই বা তার সমাধান- সেই বিষয়গুলো জানতে আমরা একটি গবেষণাকর্ম হাতে নিয়েছি। জমির মালিকানা, হস্তান্তর, রেজিস্ট্রেশন, মিউচেশন, রেকর্ড, জরিপ, পরিত্যক্ত সম্পত্তি, খাস জমি, বনভূমি, অর্পিত সম্পত্তি, ওয়াক্ফ, ভূমি ব্যবস্থাপনা, আদিবাসীদের জমি, জলাভূমি এবং সংশ্লিষ্ট বিষয়গুলো নিয়ে আপনার নিজের অথবা নিকটজনের অভিজ্ঞতা ও আইনী জটিলতা, সম্ভাব্য পরিবর্তন ও পরামর্শগুলো আমরা জানতে চাই। আমাদের গবেষকদল আপনাদের দেয়া মূল্যবান তথ্যগুলো একত্রিত করবেন যেন তার ভিত্তিতে সরকার এবং নীতিনির্ধারকেরা প্রয়োজনীয় সিদ্ধান্ত নিতে পারেন।

আপনার অভিজ্ঞতা ও মূল্যবান পরামর্শ নিচের যে কোনো প্রক্রিয়ায় পাঠানোর অনুরোধ করছি:

- ই-মেইল: landlawreview@hdrc-bd.com
- লিখিত পরামর্শ: ভূমি আইন পর্যালোচনা ডেস্ক, হিউম্যান ডেভেলপমেন্ট রিসার্চ সেন্টার (এইচডিআরসি), বাড়ী ৫, সড়ক ৮, মোহাম্মদীয়া হাউজিং সোসাইটি, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭
- ফ্যাক্স: (+৮৮০২) ৮১৫৭৬২০

আপনি যে প্রক্রিয়াতেই তথ্য পাঠাননা কেন- নিম্নোক্ত তথ্যগুলো জানাতে অনুরোধ করি:
নাম/ঠিকানা, সমস্যা, সম্ভাব্য সমাধান। সংশ্লিষ্ট কাগজপত্রের কপি পাঠালে উপকৃত হবে। এই মর্মে নিশ্চিত করছি যে, আপনার নাম, ঠিকানা, পরিচয়- কোনো অবস্থাতেই কোথাও প্রকাশ করা হবে না।
চাইলে আপনি নাম ও ঠিকানা নাও উল্লেখ করতে পারেন।

আপনার মূল্যবান পরামর্শের প্রতীক্ষায় রইলাম।

 **Human Development Research Centre**

মানুষের জন্য
manusher jonno
promoting human rights and good governance